হরমুজে মাইন বিস্ফোরণে তেলবাহী ট্যাংকারে আগুনের দাবি ইরানের



ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালি পার হওয়ার সময় সমুদ্রের মাইনে আঘাত লেগে দুই মিলিয়ন ব্যারেলের বেশি অপরিশোধিত তেলবাহী একটি সুপারট্যাংকারে বিস্ফোরণ ও অগ্নিকাণ্ড ঘটেছে বলে দাবি করেছে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের (আইআরজিসি) নৌবাহিনী।

আধা-সরকারি সংবাদমাধ্যম তাসনিম নিউজ এজেন্সিতে প্রকাশিত এক বিবৃতিতে আইআরজিসি জানায়, অনুমোদনহীন পথে প্রণালিটি অতিক্রমের চেষ্টা করার সময় ট্যাংকারটি সমুদ্রের মাইনে আঘাত করে। এতে জাহাজটিতে বড় ধরনের বিস্ফোরণ ঘটে এবং আগুন ছড়িয়ে পড়ে।

যুক্তরাষ্ট্রের সহায়তা নেওয়ার অভিযোগ

আইআরজিসির অভিযোগ, ট্যাংকারটি নিজেদের সব ট্র্যাকিং ও রাডার ব্যবস্থা বন্ধ করে দেয়। পরে যুক্তরাষ্ট্রের সামরিক সহায়তায় কৌশলে হরমুজ প্রণালি পার হওয়ার চেষ্টা করে জাহাজটি।

তবে ট্যাংকারটির নাম, কোন দেশের পতাকাবাহী সেটি, হতাহতের সংখ্যা কিংবা আগুন নিয়ন্ত্রণে এসেছে কি না—এসব বিষয়ে বিবৃতিতে বিস্তারিত জানানো হয়নি। যুক্তরাষ্ট্রের সামরিক সহায়তা নেওয়ার অভিযোগের পক্ষেও স্বাধীনভাবে যাচাই করা কোনো তথ্য প্রকাশ করা হয়নি।

হরমুজ প্রণালি বন্ধের ঘোষণা

বিবৃতিতে আইআরজিসি নৌবাহিনী বলেছে, ‘হরমুজ প্রণালি বন্ধ।’ ইরানের নিয়ম অমান্য করে যুক্তরাষ্ট্রের সমর্থনের ওপর ভরসা করে যেসব জাহাজ এই পথ অতিক্রমের চেষ্টা করবে, তাদের গুরুতর পরিণতির মুখে পড়তে হবে বলেও হুঁশিয়ারি দিয়েছে সংস্থাটি।

বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ জ্বালানি পরিবহনপথ হরমুজ প্রণালি দিয়ে বিপুল পরিমাণ অপরিশোধিত তেল ও প্রাকৃতিক গ্যাস পরিবহন করা হয়। এই পথে নৌ চলাচল ব্যাহত হলে আন্তর্জাতিক জ্বালানি সরবরাহ ও তেলের বাজারে প্রভাব পড়তে পারে।

তবে ট্যাংকারে মাইন বিস্ফোরণ, অগ্নিকাণ্ড এবং প্রণালি বন্ধের বিষয়ে আইআরজিসির দাবিগুলো স্বাধীন সূত্রে যাচাই করা যায়নি।